

গণপ্রজাতন্ত্রীবাংলাদেশ সরকার  
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর  
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬

স্মারক নং ৩৮.০১.০০০০.২৫.৩৭৫.২০১৬-১২১৯

তারিখ: ১৭ শ্রাবণ ১৪২৫  
০১ আগস্ট ২০১৮

বিষয়: পিইডিপি ৪ এর আওতায় বৈদেশিক বিশ্ববিদ্যালয়ে এক বছর মেয়াদী মাস্টার্স কোর্সে অংশগ্রহণের নিমিত্ত আবেদনপত্র আহবান।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচী (পিইডিপি ৪) এর আওতায় জানুয়ারি ২০১৯ - ডিসেম্বর ২০১৯ মেধানে বৈদেশিক বিশ্ববিদ্যালয়ে এক বছর মেয়াদী মাস্টার্স কোর্সে ভর্তির জন্য উপর্যুক্ত প্রার্থীদের নিকট থেকে আবেদনপত্র আহবান করা যাচ্ছে। নিম্নবর্ণিত বিষয়াদি অনুসরণপূর্বক আগ্রহী প্রার্থীগণকে প্রয়োজনীয় কাগজপত্রদিসহ ০৩ (তিনি) কপি আবেদনপত্র আগস্ট ২০ আগস্ট ২০১৮ তারিখের মধ্যে ডাকযোগে/বাহক মারফত মহাপরিচালক বরাবর এবং ০১ (এক) কপি পরিচালক (প্রশিক্ষণ) এর ই-মেইলে (dirtraindpe@gmail.com) প্রেরণের জন্য অনুরোধ করা হল।

২। প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, বিভাগীয় উপ-পরিচালকের কার্যালয়, জেলা প্রাথমিক শিক্ষা অফিস, পিটিআই, উপজেলা/থানা শিক্ষা অফিস, উপজেলা/থানা রিসোর্স সেন্টার, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী, উপানুষ্ঠানিক শিক্ষা বুরো, ব্যব্ধতামূলক প্রাথমিক শিক্ষা ও পরিবীক্ষণ ইউনিট এর বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাগণ এবং সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষকগণ নিম্নবর্ণিত যোগ্যতা ও শর্তাবলী প্রতিপালনপূর্বক আবেদন করতে পারবেন।

৩। আবেদনের যোগ্যতা ও শর্তাবলী:

ক. মাস্টার্স কোর্সে ভর্তি হতে ইচ্ছুক প্রার্থীদের কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে মাতকোত্তর ডিগ্রী থাকতে হবে। শিক্ষা জীবনের কোন পর্যায়ে তৃতীয় বিভাগ গ্রহণযোগ্য হবেনা।

খ. আবেদনপত্রের সাথে সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের ফটোকপি সংযুক্ত করতে হবে।

গ. প্রার্থীদের ইংরেজিতে সাবলীলভাবে লেখা, পড়া ও বলার দক্ষতা থাকতে হবে।

ঘ. প্রাথমিক শিক্ষার মানোন্নয়নে (ভর্তি, শিক্ষা সমাপনী এবং কার্যক্রম পর্যায়ে পড়া রোধে সাফল্য অর্জনসহ সমাজ উন্নুক্তকরণ ইত্যাদি ক্ষেত্রে) বিশেষ অবদানের জন্য স্বীকৃতিপ্রাপ্ত এবং প্রাথমিক শিক্ষা বিষয়ে উচ্চমানের প্রকাশনা/গবেষণা রয়েছে এমন প্রার্থীগণ ভর্তির জন্য অগ্রাধিকার পাবেন।

ঙ. বৈদেশিক বিশ্ববিদ্যালয়ের চাহিদা অনুযায়ী প্রার্থীদের IELTS/TOFEL-এ কাঞ্চিত ক্ষেত্রে অর্জন করতে হবে অথবা প্রাথমিক বাছাইয়ের পর IELTS এর অনুরূপ মানের পরীক্ষায় অংশগ্রহণ করে সন্তোষজনক ফলাফল অর্জন করতে হবে।

চ. প্রার্থীদের চাকরি স্থায়ী হতে হবে এবং প্রাথমিক শিক্ষার মাঠ ও কেন্দ্রীয় পর্যায়ে ন্যূনতম ০৭ বছরের চাকরির অভিজ্ঞতা থাকতে হবে।

ছ. প্রার্থীদের আচরণ ও শৃঙ্খলা/সার্ভিস রেকর্ড সন্তোষজনক হতে হবে।


জ. প্রার্থীদের বয়স ০১ আগস্ট ২০১৮ তারিখে অনুর্ধ্ব ৪৫ (পঁয়তালিশ) বছর হতে হবে।

ঝ. যে সকল কর্মকর্তা পিইডিপি-৩ এর আওতায় বৈদেশিক বিশ্ববিদ্যালয় হতে মাস্টার্স ডিগ্রি অর্জন করেছেন তারা আবেদন করতে পারবেন না।

ঞ. মাস্টার্স কোর্স সম্পন্ন করার পর প্রার্থীগণ প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীনে ১০ বছর কাজ করতে বাধ্য থাকবেন মর্মে অঙ্গীকারনামা প্রদান করবেন।

চ. মাস্টার্স কোর্সের শিক্ষার্থীদের টিউশন ফি ও লিভিং কস্ট পিইডিপি ৪ এর বরাদ্দ থেকে বহন করা হবে।

ছ. সংযুক্ত ফরমে তথ্যাদি প্রদানসহ মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর বরাবর আবেদন করতে হবে।

  
মোঃ আবুন রাফিক

পরিচালক (প্রশিক্ষণ)

ফোন: ০২-৫৫০৭-৮৯৪৬

মোবাইল: ০১৫৫২-৮২৫৬৬০

মহাপরিচালক: জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী/ উপানুষ্ঠানিক শিক্ষা বুরো  
/ব্যব্ধতামূলক প্রাথমিক শিক্ষা ও পরীবীক্ষণ ইউনিট।

বিভাগীয় উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা: ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা  
/সিলেট/বরিশাল/রংপুর বিভাগ- তাঁদের আওতাধীন সংশ্লিষ্ট প্রার্থীদের অবহিত করার অনুরোধসহ।

কার্যার্থে অনুলিপি:

১। পরিচালক (সকল) প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি:

১। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।

৩। সিটেম ম্যানেজার, আইএমডি, প্রাশিঅ, ডিপিই ওয়েবসাইটে বিজ্ঞপ্তি প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।

৪। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার.....(সকল)।

৫। সুপারিনেন্টেন্ডেন্ট, পিটিআই.....(সকল)।

৬। উপজেলা/থানা শিক্ষা অফিসার.....(সকল)।

৭। ইন্স্ট্রাক্টর, উপজেলা/থানা রিসোর্স সেন্টার.....(সকল)।

৮। অফিস কপি।